

# আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)

প্রতিরক্ষা মন্ত্রণালয়

ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

ফোন: ৯৮৩৫৬৬১, ৮৭১১০৫৫ ফ্যাক্স: ৯৮৩৩৫৬২

[www.ispr.gov.bd](http://www.ispr.gov.bd)

## সংবাদ বিজ্ঞপ্তি

নং ২৩.১৬.০০০০.০০৬.৪৩.০০৫.২৩

তারিখ: ১০-১২-২০২৩

বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন-২০২৪ এর লোগো উন্মোচন করলেন সেনাবাহিনী প্রধান

ঢাকা, ১০ ডিসেম্বর ২০২৩: বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন-২০২৪ এর লোগো উন্মোচন আজ রবিবার (১০-১২-২০২৩) ঢাকা সেনানিবাসস্থ আর্মি মাল্টিপারপাস কমপ্লেক্সে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বাংলাদেশ অলিম্পিক অ্যাসোসিয়েশনের সভাপতি ও সেনাবাহিনী প্রধান জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ, এসবিপি (বার), ওএসপি, এনডিইউ, পিএসসি, পিএইচডি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন-২০২৪ এর লোগো উন্মোচন করেন।

এ সময় সেনাবাহিনী প্রধান বলেন, বাংলাদেশ এগিয়ে যাচ্ছে সাথে এগিয়ে যাচ্ছে আমাদের ক্রীড়াঙ্গন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মরণে বাঙালি জাতিসত্তা, ঐতিহ্য ও সংস্কৃতিকে বহির্বিশ্বের সামনে উপস্থাপন করা ও যুব সমাজকে স্বাস্থ্যসম্মত জীবন ধারায় উদ্বুদ্ধ করা হলো বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন-২০২৪ এর মূল লক্ষ্য।

উক্ত অনুষ্ঠানে সেনাবাহিনীর উচ্চপদস্থ সামরিক কর্মকর্তাগণ, বাংলাদেশ অলিম্পিক অ্যাসোসিয়েশনের মহাসচিব, বাংলাদেশ অ্যাথলেটিক্স ফেডারেশনের কর্মকর্তাগণ, ম্যারাথনের স্প্যাসরগণ এবং গণমাধ্যম ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

বাংলাদেশ সেনাবাহিনীর তত্ত্বাবধানে বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন ২০২৪ আগামী ২৬ জানুয়ারি ২০২৪ তারিখে ৩০০ ফিট তথা শেখ হাসিনা স্মরণীতে অনুষ্ঠিত হবে। আজ হতে এই ম্যারাথনের রেজিস্ট্রেশন কার্যক্রম আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে যা আগামী ১০ জানুয়ারি ২০২৪ তারিখ পর্যন্ত সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকবে।

উল্লেখ্য, লোগো উন্মোচন অনুষ্ঠানের পর মিডিয়া ব্রিফিং করেন আয়োজক কমিটির প্রধান সমন্বয়ক ও রেস ডিরেক্টর ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ আশরাফুজ্জামান সিদ্দিকী, বিএসপি, এসইউপি, এনডিসি, পিএসসি, এমফিল, পরিচালক, সেনাসদর, সামরিক প্রশিক্ষণ পরিদপ্তর।

স্বাক্ষরিত/-

রাশেদুল আলম খান

সহকারী পরিচালক

পরিচালকের পক্ষে

মোবাঃ ০১৭৬৯০১৭১৯৮

